

চিকিৎসা ভিসার নিয়মাবলী শিথিলকরণ

১। মানুষ-মানুষে বন্ধন আরও জোরালো করার পদক্ষেপ হিসেবে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরকালে (৭-১০ এপ্রিল ২০১৭) দেয়া ঘোষণা অনুযায়ী বাংলাদেশের নাগরিকদের জন্য চিকিৎসা ভিসা প্রদানের নিয়মাবলী শিথিল করা হয়েছে। এখন থেকে রোগ নির্ণয়ের জন্য ভারত সফরকারী বাংলাদেশী নাগরিকগণও চিকিৎসা ভিসার জন্য উপযুক্ত বিবেচিত হবেন। এক্ষেত্রে চিকিৎসা ভিসার জন্য আবেদন পত্রের সঙ্গে যে কোন স্বীকৃত ভারতীয় হাসপাতাল অনুমোদিত সাক্ষাতের প্রমাণপত্র ও রোগটির বিষয়ে আলোকপাত করে বাংলাদেশের চিকিৎসকদের রোগনির্ণয় পত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। চিকিৎসা ভিসা প্রদানের ক্ষেত্রে অন্যান্য নিয়ম-কানুন ও শর্তসমূহ অপরিবর্তিত থাকবে।

২। বর্তমানে চিকিৎসা ভিসার জন্য আবেদনপত্রসমূহ ভারতীয় ভিসা আবেদন কেন্দ্র, গুলশান, ঢাকা এবং ঢাকার বাইরে সকল ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রে সরাসরি গ্রহণ করা হচ্ছে।